# বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩

২ অক্টোবর ২০২৩


**বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড**

স্বত্ত্বাধিকারী ইন্টারন্টিনেন্টাল ঢাকা

১ মিন্টুরোড, ঢাকা-১০০, বাংলাদেশ

http://bsl.gov.bd

# বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড



**ছবি:** ইন্টারকন্টিনেন্টাল ঢাকা

**ভূমিকাঃ**

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর অধীন বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) ১৯১৩ সালের কোম্পানি আইন (১৯৯৪ সালে সংশোধিত)-এর আওতায় গঠিত একটি পাবলিক লিমিটেড কোম্পানি। কোম্পানির ৯৯.৬৮% পরিশোধিত মূলধনের অংশীদার বাংলাদেশ সরকার। কোম্পানি আইন ও মেমোরেণ্ডাম  এণ্ড আর্টিকেলস্ অব এসোসিয়েশন অনুসারে সরকার কর্তৃক মনোনীত ১১ (এগার) জন সদস্যের সমন্বয়ে গঠিত একটি পরিচালনা পর্ষদ বাংলাদেশ সার্ভিসেস লিমিটেডের পরিচালনার সার্বিক দায়িত্ব পালন করে আসছে।

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর মালিকানাধীন ঢাকা শেরাটন হোটেল পরিচালনার জন্য স্টারউড হোটেলস এন্ড রিসোর্টস-এর সাথে ব্যবস্থাপনা চুক্তির মেয়াদ ৩০-০৪-২০১১ তারিখে উত্তীর্ণ হওয়ার পর সেবার মান বৃদ্ধি ও দেশের সেরা হোটেল প্রতিষ্ঠার লক্ষ্যে বিএসএল সরকারের অনুমোদনক্রমে পাঁচ তারকা হোটেল পরিচালনাকারী বিশ্বব্যাপী সমাদৃত ইন্টারকন্টিনেন্টাল হোটেলস গ্রুপ (আইএইচজি) এশিয়া প্যাসিফিক প্রাইভেট লিমিটেডের সাথে ১৯-০২-২০১২ তারিখে ৩০ বছর মেয়াদী (যা পরবর্তীতে ৫ বছর পরপর ২ বার নবায়নযোগ্য) ব্যবস্থাপনা চুক্তি স্বাক্ষর করে। চুক্তির শর্তানুসারে হোটেলের সংস্কার কাজ সম্পন্ন হওয়ার পর হোটেলটি ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ইন্টারকন্টিনেন্টাল ঢাকা নামে উদ্বোধন করা হয়, এবং টেস্টিং, কমিশনিং ও ব্যালেন্সিং কাজ সম্পন্ন হওয়ার পর ১ ডিসেম্বর ২০১৮ হতে হোটেলটি বাণিজ্যিক কার্যক্রম শুরু করে।

২। **দায়িত্ব ও কার্যাবলিঃ**

**রূপকল্প:** বাংলাদেশের আপস্কেল হোটেল শিল্পে নেতৃত্ব দেয়া।


**অভিলক্ষ্য:** বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির সংমিশ্রণে বিশ্বমানের সেবার মাধ্যমে অতিথিদের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জন।

**কার্যাবলি:**

কোম্পানির মালিকানাধীন বাংলাদেশের প্রথম পাঁচতারকা হোটেল, বর্তমানে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা (সাবেক ঢাকা শেরাটন হোটেল ও রূপসী বাংলা হোটেল), দেশি-বিদেশি অসংখ্য পর্যটকসহ অতিথিদের আন্তর্জাতিক মানের হসপিটালিটি সেবা প্রদান করে আসছে। বিএসএল এর প্রধান কার্যক্রমসমূহ হচ্ছে:

- নিয়ন্ত্রণাধীন হোটেলটি পরিচালনা ও তত্ত্বাবধান
- বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টার (বিআইসিসি) পরিচালনা ও রক্ষণাবেক্ষণ
- হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবস্থিত বলাকা ভিআইপি লাউঞ্জ পরিচালনা
- প্রতিযোগিতামূলক বিশ্ববাজারে প্রতিষ্ঠানের অবস্থান সুসংহতকরণে কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থাকরণ
- ন্যাশনাল হোটেল এণ্ড ট্রেনিং ইন্সটিটিউটসহ বিশ্ববিদ্যালয়ের হসপিটালিটি কোর্সের শিক্ষার্থীদের ইন্টার্নশিপে সহায়তাকরণ

৩। **সাংগঠনিক কাঠামো:**




৪। **মানব সম্পদ ব্যবস্থাপনা:**

বর্তমানে বিএসএল-এর মালিকানাধীন ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল ও অধীন বিআইসিসিতে মোট ৪৪৩ জন কর্মকর্তা ও কর্মচারী রয়েছে।

**ক) বিএসএল, হোটেল ও বিআইসিসি'র জনবল:**

| বিবরণ | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূণ্যপদ |
|---|---|---|---|
| বিএসএল | ৪৩ | ২৬ | ১৭ |
| ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল ও বিআইসিসি | ৪৯১ | ৪১৭ | ৭৪ |
| মোট | ৫৩৪ | ৪৪৩ | ৯১ |

খ) **প্রশিক্ষণঃ**

২০২২-২৩ অর্থ বছরে মানবসম্পদ উন্নয়নে ২৬ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বিএসএল-এর অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত প্রশিক্ষণের বিবরণী নিম্নে দেয়া হলোঃ

| ক্রমিক নং | প্রশিক্ষণের বিষয় | মোট অংশগ্রহণকারী |
|---|---|---|
| ১. | সেবা প্রদান প্রতিশ্রুতি | ২৪ |
| ২. | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২৩ |
| ৩. | অভিযোগ প্রতিকার ব্যবস্থা | ২৩ |
| ৪. | Virtual Reality Image | ২৩ |
| ৫. | Grievance Redress System (GRS) | ২৩ |
| ৬. | ই-নথি ও ডি-নথি | ১২ |
| ৭. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা | ২৩ |
| ৮. | কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা | ২২ |
| ৯. | সেবা প্রদান প্রতিশ্রুতি | ২২ |
| ১০. | তথ্য অধিকার আইন | ১৫ |
| ১১. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ১৭ |

**৫। বাজেটঃ**

বিএসএল নিজস্ব আয়ের মাধ্যমে পরিচালিত একটি পাবলিক লিমিটেড কোম্পানি। কোম্পানি পরিচালনার জন্য সরকারি তহবিল হতে কোন বাজেট বরাদ্দ করা হয় না। তবে কোম্পানির কাঙ্খিত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন এবং কোম্পানি পরিচালনার জন্য প্রতিবছর পর্ষদ কর্তৃক কোম্পানির আয় ও মুনাফার বাজেট অনুমোদন করা হয়। বিএসএল এর ২০২২-২৩ সালের অনুমোদিত বাজেটের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদান করা হলোঃ

| **খাত** | **টাকা (কোটি)** |
|---|---|
| আয় | ১৪৯.১৬ |
| ব্যয় | ১০৭.৫৮ |
| পরিচালন মুনাফা/ (ক্ষতি) | ৪১.৫৮ |

৬। **বার্ষিক কর্মসম্পাদন চুক্তিঃ** ১৬.০৬.২০২২ তারিখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং বিএসএল-এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলটি ২০২২-২০২৩ অর্থবছরে ১৬৯.০০ কোটি টাকা আয় করেছে। হোটেল রুম, খাদ্য ও পানীয় বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ ছাড়া, গ্রাহকদের সন্তুষ্টি, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ও অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ৭০ নম্বরের মধ্যে ৭০ নম্বর অর্থাৎ ১০০% অর্জন করেছে। এপিএ-এর অন্তর্ভূক্ত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনসহ এপিএ'র মোট ১০০ নম্বরের মধ্যে বিএসএল ৯৯.৬৮ নম্বর অর্থাৎ ৯৯.৬৮% অর্জন করেছে।

৭। **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নঃ**

| **কার্যক্রমের নাম** | **বাস্তবায়ন/অর্জন** |
|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভা অনুষ্ঠিত |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত |
| ১.৫ কর্ম পরিবেশ উন্নয়ন<br>(টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা | উন্নত কর্ম-পরিবেশ |
| ১.৬ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | প্রযোজ্য নয় (মাঠ পর্যায়ে কোন কার্যালয় নেই) |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | বিএসএল-এ কোন সরকারি যানবাহন নাই বিধায় প্রযোজ্য নয়। তবে বিএসএল-এর ক্রয়কৃত ২টি গাড়িতে জিপিএস স্থাপন করা হয়েছে |
| ৩.২ বিএসএল অফিস কমপ্লেক্সে ভাড়াটিয়াদের সেবা প্রদানকারি প্রতিষ্ঠানসমূহের লোকবলের সঠিক সময়ে আগমন ও প্রত্যাগমন তত্ত্বাবধানের জন্য ইলেক্ট্রনিক ডিভাইস স্থাপন | বাস্তবায়িত |
| ৩.৩ বিএসএল-এর অফিস কমপ্লেক্স-এর দৈনন্দিন রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ৩ কার্যদিবসের মধ্যে ভাড়াটিয়াদের আবেদন মোতাবেক সেবা প্রদান | সেবা প্রদত্ত |
| ৩.৪ কর্তৃপক্ষের অনুমোদনের পর সরবরাহকারী/ ঠিকাদারের বিল-এর বিপরীতে চেক প্রস্তুতপূর্বক ৩ কার্যদিবসের মধ্যে ইমেইল/ এসএমএস-এর মাধ্যমে সরবরাহকারী/ঠিকাদারকে অবহিতকরণ | চেক প্রস্তুতপূর্বক অবহিত করা হয়েছে |
| ৩.৫ বিএসএল অফিস-এর করিডোরে বিদ্যুৎ সাশ্রয়ের জন্য সেন্সর স্থাপন | বাস্তবায়িত |

৮। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন:

- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদার করা হয়েছে।
- উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত হয়েছে।
- সেবা সহজিকরণ করা হয়েছে।
- সেবা ডিজিটাইজেশন করা হয়েছে।
- ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা আয়োজন করা হয়েছে।
- ই-ফাইলে নোট নিস্পত্তিকরণ চালু করা হয়েছে।
- কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
- ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করা হয়েছে।
- তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে।

৯। **সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন:** সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন, সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়িত হয়েছে।

১০। **অভিযোগ প্রতিকার ব্যবস্থা:** অভিযোগ প্রতিকার ব্যবস্থা অনুযায়ী স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় সভার আয়োজন, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ, কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত স্টেকহোল্ডারগণের সাথে অবহিতকরণ সভা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ করা হয়।

১১। **তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন:** তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ, বার্ষিক প্রতিবেদন প্রকাশ, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ, তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ এবং তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

১২। **সার্বিক কর্মকান্ড ও উল্লেখযোগ্য অর্জন:**

১২.১ **ইন্টারকন্টিনেন্টাল ঢাকা:**

(ক) ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলটি **১৬৯.০০** কোটি টাকা আয় করেছে

(খ) হোটেলটি সরকারি কোষাগারে ৪০ কোটি টাকা জমা প্রদান করেছে

(গ) হোটেলটি বৈদেশিক মুদ্রায় ৫১.৫০ কোটি টাকা আয় করেছে

১২.২. **বলাকা ভিআইপি লাউঞ্জ পরিচালনা:** বিএসএল হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবস্থিত বলাকা ভিআইপি লাউঞ্জ ইন্টারকন্টিনেন্টাল ঢাকার মাধ্যমে পরিচালনা করে দেশের ও আন্তর্জাতিক এয়ারলাইনস-এর যাত্রীদের আন্তর্জাতিক মানের লাউঞ্জ সেবা প্রদান করছে। প্রতিবেদনাধীন সময়ে বিএসএল বলাকা ভিআইপি লাউঞ্জ পরিচালনা করে মোট ৪৮.৩৩ কোটি টাকা আয় করেছে।

**১২.৩. স্থাপনা ভাড়া ও ব্যবস্থাপনা:** ইন্টারকন্টিনেন্টাল হোটেলের দক্ষিণ পার্শ্বে বিএসএল-এর নিজস্ব ৩টি ভবন রয়েছে। আন্তর্জাতিক সংস্থা ও বিভিন্ন অফিস যেমন, Air India, দেশি-বিদেশি ব্যাংকসহ বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট এ তিনটি ভবনের স্পেস ভাড়া প্রদান করে প্রতিবেদনাধীন সময়ে বিএসএল ৯.০০ কোটি টাকা আয় করেছে।

**১২.৪. আবাসিক কমপ্লেক্সের ব্যবস্থাপনা:** ঢাকাস্থ মিরপুর সেকশন-১৩ এ বিএসএল-এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য একটি আবাসিক কমপ্লেক্স রয়েছে। উক্ত আবাসিক কমপ্লেক্সের ৫টি বহুতল ভবন (মোট ১৪০টি ফ্ল্যাট) বিএসএল কর্মকর্তা-কর্মচারীদের বসবাসের জন্য ভাড়াভিত্তিক বরাদ্দ প্রদান ও রক্ষণাবেক্ষণ করে থাকে। বিএসএল উক্ত আবাসিক কমপ্লেক্স হতে ২০২২-২৩ অর্থ বছরে ভাড়া বাবদ মোট ১.৫৫ কোটি টাকা আয় করেছে।

**১২.৫ রাষ্ট্র/সরকার প্রধান, বিশ্বের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের আগমন/অবস্থান ও উল্লেখযোগ্য অনুষ্ঠান:**

- মুজিব কর্ণারে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরিদর্শন
- বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে মরহুম মার্কিন সিনেটর এডওয়ার্ড এম কেনেডি সিনিয়র-এর অবদানের জন্য তাঁর পরিবারের সদস্য টেড কেনেডিকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সম্মাননা প্রদান
- ব্রিটিশ কারি ফেস্টিভল
- বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ফারিদুন নশির বিলিমোরিয়ার অবদানের জন্য তাঁর পুত্র লর্ড কারান বিলিমোরিয়াকে ব্রিটিশ কারি ফেস্টিভলে সম্মাননা প্রদান
- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের ব্রিটিশ কারি লাইফ পুরস্কার গ্রহণ
- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের গুরুত্বপূর্ণ গ্রাহকদের জন্য বার্ষিক নৈশভোজের আয়োজন
- বাংলাদেশে ব্রুনাই-এর মহামান্য রাষ্ট্রপতি হাসানআল বলখিয়ার সফরকালে ইন্টারকন্টিনেন্টাল ঢাকায় অবস্থান
- ৬ষ্ট ভারত মহাসাগরীয় কনফারেন্স
- Accelerating Universal Health Coverage Towards Smart Bangladesh অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নিউজিল্যাণ্ড-এর প্রাক্তন মননীয় প্রধানমন্ত্রী, রোটারিয়ান হেলেন ক্লার্ক-এর যোগদান
- বাংলাদেশ-এডিবির সম্পর্কের ৫০ বছর পূর্তি
- মরিশাস-এর মহামান্য রাষ্ট্রপতি পৃথিরাজ সিং রুপন এবং ফার্স্ট লেডি সুক্তা রুপন-এর অবস্থান
- ঢাকা লিট ফেস্টিভল ২০২৩

১২.৬. উল্লেখযোগ্য কার্যক্রম:

- মুজিব কর্ণারে নতুন ছবি সংগ্রহ, কিওস্ক স্থাপন ও বই-এর সংগ্রহ বৃদ্ধি করা হয়েছে।
- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

১২.৭. অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রম:

- বিএসএল অফিস কমপ্লেক্স-এর ১টি পুরাতন লিফ্ট অধিক ধারণক্ষমতা ও দ্রুতগতি সম্পন্ন নতুন লিফ্ট দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে।
- বিএসএল অফিস কমপ্লেক্স-এর সুষ্ঠু শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা বজায় রাখার জন্য পুরাতন ১০ (দশ)টি এয়ার হ্যান্ডলিং ইউনিট নতুন ১০ (দশ)টি এয়ার হ্যান্ডলিং ইউনিট দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে।
- ৩৬০ ডিগ্রি অ্যারে শুট (ভার্চুয়াল রিয়ালিটি ইমেজ) বাস্তবায়ন করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
- ই-নথি বাস্তবায়ন করা হয়েছে।

১৩। **জাতীয় দিবস উপলক্ষ্যে পালনকৃত কার্যক্রম:**

- ২৫ থেকে ২৬ মার্চ ২০২৩ পর্যন্ত ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেল বিল্ডিং এবং হোটেলের সীমানা প্রাচীর আলোকসজ্জা এবং জাতির পিতার কর্মময় জীবনের উপর আলোকচিত্র দিয়ে ব্র্যান্ডিং করা হয়েছে।
- ১৭ মার্চ ২০২৩-এ এতিমখানায় উন্নতমানের খাদ্য বিতরণ করা হয়েছে।
- ২৬ মার্চ ২০২৩ ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ, দোয়া ও মুনাজাত করা হয়েছে।
- ২৬ মার্চ মহান মুক্তিযুদ্ধে হোটেল ইন্টারকন্টিনেন্টাল এর ভুমিকা বিষয়ে হোটেলে আলোচনা করা হয়েছে।
- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে মার্চ মাসে গেস্টরুমে বিশেষ ডিসকাউন্ট এবং ২৬ মার্চ, ২০২৩ উপলক্ষে ফুড এন্ড বেভারেজের উপর ২৬% এবং বীর মুক্তিযোদ্ধাগণের জন্য ৫০% ডিসকাউন্ট প্রদান করা হয়েছে।

১৪। **বিজয় দিবসে পালনকৃত কার্যক্রম:**

- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলের প্রাচীরের বাইরের অংশে ও বিআইসিসির প্রাচীরের বাইরের অংশে বঙ্গবন্ধুর কর্মময় জীবনের আলোকচিত্র দিয়ে ব্র্যান্ডিং করা হয়েছে।
- হোটেলের শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ করা হয়েছে।
- 'মুজিবের বাংলাদেশ' স্মারকগ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।
- এতিমদের মধ্যে উন্নতমানের খাদ্য বিতরণ করা হয়েছে।
- বিএসএল কর্তৃক পরিচালিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র আলোকসজ্জা করা হয়েছে।
- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে আলোকসজ্জা করা হয়েছে।
- ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে গেস্টরুম ও ফুড এন্ড বেভারেজের উপর বিশেষ ডিসকাউন্ট দেয়া হয়েছে।



**বিজয় দিবসে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে আলোকসজ্জা**

১৫। **ভবিষ্যত কর্মপরিকল্পনা:**

বাংলাদেশ ইকনোমিক জোন অথরিটি (BEZA) কর্তৃক প্রণীত ল্যাণ্ড ইউজ প্ল্যান-এর আওতায় পর্যটন সুবিধাদি সৃষ্টির লক্ষ্যে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় প্রস্তাবিত ট্যুরিজম জোনে বিএসএল-এর অনুকূলে সরকার ৫(পাঁচ) একর জমি বরাদ্দ প্রদান করেছে। বিএসএল উক্ত বরাদ্দকৃত জমিতে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনের জন্য একটি হোটেল/রিসোর্ট স্থাপনের পরিকল্পনা গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের পরিকল্পনা গ্রহণ করছে।

১৬। ২০২২-২৩ বছরের বিভিন্ন উল্লেখযোগ্য কার্যক্রম এবং রাষ্ট্র/সরকার প্রধান, বিশ্বের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের আগমন/অবস্থান ও উল্লেখযোগ্য অনুষ্ঠানের ছবিঃ






জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে দোয়া ও মিলাদ মাহফিল




জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইন্টারকন্টিনেন্টাল ঢাকা হোটেলে
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা



বিজয় দিবসের র‍্যালি



বিজয়  দিবস উপলক্ষ্যে  হোটেলের শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ



জাতীয় দিবস উপলক্ষ্যে 'মুজিবের বাংলাদেশ' স্মারকগ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান



মুজিব কর্ণারে মাননীয় প্রধানমন্ত্রী




বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে মরহুম মার্কিন সিনেটর এডওয়ার্ড এম কেনেডি সিনিয়র-এর অবদানের জন্য তাঁর পরিবারের সদস্য টেড কেনেডিকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সম্মাননা প্রদান




ব্রিটিশ কারি ফেস্টিভল-এর উদ্বোধনী অনুষ্ঠান




বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ফারিদুন নশির বিলিমোরিয়ার অবদানের জন্য তাঁর পুত্র লর্ড কারান বিলিমোরিয়াকে ব্রিটিশ কারি ফেস্টিভলে সম্মাননা প্রদান




ইন্টারকন্টিনেন্টাল ঢাকার ব্রিটিশ কারি লাইফ পুরস্কার গ্রহণ




ইন্টারকন্টিনেন্টাল ঢাকা  হোটেলের বার্ষিক নৈশভোজে বাংলাদেশের খ্যাতনামা শিল্পী ফেরদৌস ওয়াহিদের সঙ্গীত পরিবেশনা



বাংলাদেশ সফরকালে ইন্টারকন্টিনেন্টাল ঢাকায় ফরাসি ফটোগ্রাফার-এ্যানি ডি হেনিং



বাংলাদেশে ব্রুনাই-এর মহামান্য প্রেসিডেন্ট হাসানআল বলখিয়ার সফরকালে
ইন্টারকন্টিনেন্টাল ঢাকায় অবস্থান




**বাংলাদেশ-এডিবির সম্পর্কের ৫০ বছর পূর্তি**




৬ষ্ঠ ভারত মহাসাগরীয় কনফারেন্স-২০২৩




Accelerating Universal Health Coverage Towards Smart Bangladesh অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নিউজিল্যাণ্ড-এর প্রাক্তন মাননীয় প্রধানমন্ত্রী, রোটারিয়ান হেলেন ক্লার্ক-এর যোগদান



ঢাকা লিট ফেস্টিভল ২০২৩